নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814
www.nstu.edu.bd
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২২৪৩ ২১ আগস্ট ২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

# নোবিপ্রবিতে এআই ইঞ্জিনিয়ারিং, ক্যারিয়ার এন্ড হায়ার স্টাডিজ শীর্ষক সেমিনার

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দের অংশগ্রহণে 'প্রফেশনাল জেনারেটিভ আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (এআই) ইঞ্জিনিয়ারিং, ক্যারিয়ার এন্ড হায়ার স্টাডিজ' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার (২১ আগস্ট ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে আইকিউএসি সম্মেলন কক্ষে এ সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য বলেন, একটি সময়োপযোগী সেমিনার আয়োজনের জন্য আয়োজকদের ধন্যবাদ। এআই এর প্রভাবে বর্তমান বিশ্বে অনেক যুগান্তকারী পরিবর্তন ঘটবে। আমাদের রপ্তানি আয়ের অন্যতম উৎস গার্মেন্টস সেক্টরে এর বড় একটি প্রভাব পড়বে। বিশেষত, অদক্ষ জনগোষ্ঠী তাদের কর্মসংস্থান হারাবে। এ জন্য আমাদের আরও স্কিলড হতে হবে। সে লক্ষ্যেই আমাদের শিক্ষা প্রতিষ্ঠানগুলো কাজ করছে। দক্ষতাসম্পন্ন গ্র্যাজুয়েট তৈরী করছে। চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলার ক্ষেত্রে আমাদের গ্র্যাজুয়েটরা যাতে বিশ্বমানের হয়ে গড়ে উঠতে পারে সেদিকে আমাদের দৃষ্টিপাত করতে হবে।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথির বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ। সেমিনারে কি-নোট স্পিকার হিসেবে ছিলেন ইউনিভার্সিটি অব সেন্ট্রাল ফ্লোরিডার (UCF, NASA Affiliate) এআই রিসার্চার ইঞ্জিনিয়ার মো. ইসরাফিল মাসুম। প্রোগ্রাম মডারেটর ছিলেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক (কিউএ) অধ্যাপক ড. মো. আবদুল কাইয়ুম মাসুদ।

এসময় কি-নোট স্পিকার ইঞ্জিনিয়ার মো. ইসরাফিল মাসুম এআই ইঞ্জিনিয়ারিং বিষয়ক পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন। তিনি তার প্রেজেন্টেশনে এআই ইঞ্জিনিয়ারিং, প্রম্পট ইঞ্জিনিয়ারিং সহ এআই সম্পর্কে বিস্তারিত তুলে ধরেন। এসময় তিনি এআই এর কার্যকারিতা, কর্মক্ষেত্রে এর ব্যবহার এবং ভবিষ্যতে এআই এর মাধ্যমে নতুন আরও কি ধরনের কাজ সম্পাদন করা যাবে সে সম্পর্কে শিক্ষার্থীদের ধারণা দেন।

উল্লেখ্য, সেমিনারে নোবিপ্রবির কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ (সিএসটিই), ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ (আইসিই), ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ (ইইই) এবং ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (আইআইটি) এর শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ অংশগ্রহণ করেন।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪